# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**11 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) ধলাই (সংরক্ষিত) আসন সহ রাজ্যের পাঁচটি আসনে আগামী বুধবার অনুষ্ঠেয় উপ-নির্বাচনের প্রচার অভিযানের আজ বিকেল পাঁচটায় সমাপ্তি/ অন্তিম সময়ে ভোটদাতাদের মন জয় করতে রাজনৈতিক দল ও প্রার্থীদের আপ্রাণ প্রয়াস/

(২) বিচারপতি সঞ্জীব খান্নার আজ দেশের নতুন প্রধান বিচারপতি হিসেবে শপথ গ্রহণ/

(৩) আসামের অসামরিক সেবার আধিকারিকদের কর্মদক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে রাজ্য সরকার ও কেন্দ্রীয় দক্ষতাবৃদ্ধি কমিশনের মধ্যে সমঝোতা চুক্তি সাক্ষরিত/

(৪) আজ শিক্ষা দিবস/ সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও এই দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচী গ্রহণ/

এবং

(৫) শিলচর-কালাইন সড়কে আজ দুপুরে সংঘটিত এক সড়ক দুর্ঘটনায় একই পরিবারের চারজন নিহত এবং একজন আহত/

---------------------------------------------------------------------------------

ধলাই (সংরক্ষিত) বিধানসভা আসন সহ রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের প্রচারাভিযান আজ বিকেল ৫ টায় শেষ হয়েছে । নির্বাচনী প্রচারের আজ

অন্তিম দিনে ঐ আসনগুলির প্রার্থীরা ভোটদাতার আকর্ষিত করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালিয়েছেন । এবং আজকের এই শেষ দিনে প্রচার অভিযানের উত্তাপ যথেষ্ট বৃদ্ধি পেয়েছে বলে পরিলক্ষিত হয়েছে । কাছাড় জেলার ধলাই (সংরক্ষিত) আসনে মোট আটজন প্রার্থী নির্বাচনী আসরে রয়েছেন । এরমধ্যে ভারতীয় জাতীয় কংগ্রেসের ধ্রুবজ্যোতি পুরকায়স্থ, ভারতীয় জনতা পার্টির নীহার রঞ্জন দাস, এস ইউ সি আই (কম্যুনিস্ট) দলের গৌরচন্দ্র দাস সহ পাঁচজন নির্দল প্রার্থী ময়দানে রয়েছেন । প্রধান রাজনৈতিক দলগুলি সহ নির্দল প্রার্থীরাও আজ প্রচার অভিযানের শেষ দিনে নিজেদের সমর্থনে জোরদার প্রচার করেছেন । বিশেষ করে কেন্দ্র ও রাজ্যে ক্ষমতাসীন বিজেপি ও বিরোধী দল কংগ্রেস প্রার্থীর সমর্থনে ধলাই বিধানসভা কেন্দ্রের বিভিন্ন স্থানে পোস্টার, হোর্ডিং, ব্যানার ইত্যাদি লাগানো হয়েছে । স্থানে স্থানে ছোট বড় র‍্যালির আয়োজন করে সকলেই নিজ নিজ প্রার্থীর সমর্থনে প্রচার চালিয়েছেন । আজ বিশেষ করে ভোটারদের ঘরে ঘরে গিয়ে প্রচার চালানো হয়েছে । মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া বিজেপি প্রার্থী নিহার রঞ্জন দাসের হয়ে ধলাই বিধানসভায় কেন্দ্রের আইরংমারায় এক পদযাত্রায় অংশগ্রহন করেন। ওই কেন্দ্রের কংগ্রেস প্রার্থী ধ্রুবজ্যোতি পুরকায়স্থের হয়ে কংগ্রেস কর্মকর্তা ও সমর্থরা শোভাযাত্রা বের করেন।

রাজ্যের মন্ত্রী রঞ্জিত কুমার দাস আজ বঙাইগাও কেন্দ্রের বিজেপি মিত্রজোটের প্রার্থী দীপ্তিময় চৌধুরীর সমর্থনে দলের মহিলা মোর্চার বের করা শোভাযাত্রার আনুষ্ঠানিক উদ্বোধন করেন । মন্ত্রী অতুল বরা সহ বেশ কয়েকজন বিজেপি এবং অগপ কর্মী এই নির্বাচনী শোভাযাত্রায় অংশ নেন । এছাড়া মন্ত্রী শ্রী দাস এই কেন্দ্রের ব্যবসায়ীদের সঙ্গে মত বিনিময় করে অন্তিমবারের মতো নির্বাচনী প্রচার চালান ।

এদিকে রাজ্যের আরেক মন্ত্রী বিমল বরা আজ সামগুড়ি কেন্দ্রের বিজেপি প্রার্থী দিপ্লু রঞ্জন শর্মার সমর্থনে নির্বাচনী র‍্যালিতে অংশ নেন । মন্ত্রী পীযূষ হাজারিকা আজ বিহালী কেন্দ্রের বিজেপি প্রার্থী দিগন্ত ঘাটোয়ালের হয়ে নির্বাচনী প্রচার চালিয়েছেন। অন্যদিকে সাংসদ রকিবুল হোসেইন সামগুড়ি কেন্দ্রের কংগ্রেস প্রার্থী তানিজন হোসেইনের হয়ে শেষদিনে প্রচারে অংশ নেন । একইসঙ্গে বহু কর্মী সমর্থকদের দিয়ে কংগ্রেসের এক শোভাযাত্রাও আজ বের করা হয় ।

রাজ্যের এই পাঁচটি আসনের উপ-নির্বাচনে মোট ৩৪ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । ধলাই আসনের আটজন ছাড়াও সামগুড়ি আসনে ১১জন, সিডলী আসনে তিনজন, বিহালী আসনে চারজন এবং বঙাইগাও আসনে আটজন প্রার্থী নির্বাচনী আসরে রয়েছেন । আগামী বুধবার অর্থাঘ ১৩ই নভেম্বর প্রায় দশ লক্ষেরও বেশি ভোটদাতা এই প্রার্থীদের রাজনৈতিক ভাগ্য নির্দ্ধারণ করবেন । এদিকে কংগ্রেস এবং

এন ডি এ সবকটি আসনে প্রার্থী দিয়েছে । এন ডি এ মিত্রজোটের মধ্যে বিজেপি তিনটি আসনে এবং অসম গণপরিষদ ও ইউ পি পি এফ এল দল একটি করে আসনে প্রার্থী দিয়েছে ।

পাঁচটি আসনে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ সম্পন্ন হবার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসনগুলি যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে । নগাঁও জেলার আয়ুক্ত সামগুড়ি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে বেশকয়েকটি নির্দেশনা জারী করেছেন । সামগুড়ি বিধানসভা এলাকায় এক নির্দেশ যোগে আজ থেকে আগামী ১৩ই নভেম্বর বিকেল পাঁচটা পর্যন্ত মদ নিষিদ্ধ করা হয়েছে । এছাড়া আগামী ২৩শে নভেম্বর ভোটগণনার দিনেও ঐ কেন্দ্রের এলাকায় মদ নিষিদ্ধ করা হয়েছে ।

এদিকে ধলাই বিধানসভা আসনের উপ-নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কাছাড়ের জেলাপ্রশাসন যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছেন । এর অংশ হিসেবে নির্বাচনী সামগ্রী ও ভোটকর্মীদের নিজ নিজ গন্তব্যস্থলে সময়মতো এবং সঠিকভাবে পৌঁছে দেবার জন্য জেলা প্রশাসনের পক্ষ থেকে বিশেষ বাস-সেবার ব্যবস্থা করা হয়েছে । জেলার বিভিন্ন স্থান থেকে নিয়ে এসে ধলাই বিধানসভা কেন্দ্রের ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে ভোটকর্মী, নিরাপত্তা কর্মী ও আধিকারিকদের পৌঁছে দেওয়ার জন্য রামনগরের আন্তঃরাজ্য বাস টার্মিনাস থেকে বাসগুলি ছাড়বে । এ এস-৭০৯ সিরিজের দশটি বাস আগামীকাল জেলার বিভিন্ন রুটে গিয়ে ভোটকর্মীদের তুলে আনবে । এই পিক-আপ পয়েন্টগুলির মধ্যে রয়েছে- জালালপুর, কুম্ভীরগ্রাম, সোনাই ইতাদি । একনম্বর বাসটি জালালপুর থেকে গুমড়া ও কালাইন হয়ে, দুনম্বর বাসটি করইকান্দি ও চেরাগি বাজার রুটে, তিন নম্বর বাসটি বড়খলা পুলিশ থানা থেকে রওয়ানা হয়ে ডলু হয়ে শিলচর ক্যাপিটেল পয়েন্ট দিয়ে রামনগর যাবে । অনুরূপভাবে কুম্ভীরগ্রাম, লক্ষ্মীপুর, বিন্নাকান্দি, কচুদরম ইত্যাদি স্থান থেকে ভোটকর্মীদের রামনগর বাস টার্মিনাসে নিয়ে আসার ব্যবস্থা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

বিচারপতি সঞ্জীব খান্না আজ ভারতের ৫১তম প্রধান বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেছেন । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবণে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে বিচারপতি খান্নাকে গোপনীয়তার শপথবাক্য পাঠ করান । তিনি আগামী বছরের মে মাস পর্যন্ত ভারতের প্রধান বিচারপতি হিসেবে কার্যনির্বাহ করবেন । উল্লেখ্য যে শ্রী খান্না বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের স্থলাভিশিক্ত হয়েছেন । ১৯শো ৬০ সালের ১৪মে জন্মগ্রহণ করা বিচারপতি সঞ্জীব খান্না ১৯শো ৮৩ সালে দিল্লী বার কাউন্সিলে আইনজীবী হিসেবে কর্মজীবন শুরু করেছিলেন । বিচারপতি খান্নাকে ২ হাজার ৫ সালে

দিল্লী হাই কোর্টের অতিরিক্ত বিচারপতি হিসেবে দায়িত্ব প্রদান করা হয়। ২ হাজার ১৯ সালে তিনি সুপ্রীম কোর্টের বিচারপতি হিসেবে কার্যভার গ্রহণ করেন । সুপ্রীম কোর্টের বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ রায় প্রদান করার ক্ষেত্রে বিচারপতি সঞ্জীব খান্না বিশেষ ভূমিকা গ্রহণ করেছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

সমগ্র বিশ্ব ভারতবর্ষের যুব শক্তির ক্ষমতার প্রতি আকর্ষিত হয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মত প্রকাশ করেছেন । তিনি বলেন যে বিশ্বের বহু নেতা আজ তাদের দেশে কর্ম সম্পাদন করার জন্য দক্ষ মানব সম্পদ হিসেবে ভারতের যুবশক্তিকে ব্যবহার করতে চাইছে । গুজরাটে আজ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে এক অনুষ্ঠানে অংশ গ্রহণ করে প্রধানমন্ত্রী এই মত প্রকাশ করেন । তিনি বলেন যে আমাদের দেশের যুব শক্তির চাহিদা বিশ্বব্যাপী আরো বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে । যুব সমাজকে একটি বিকশিত ভারত গড়ে তোলার জন্য আরো বেশী শক্তিশালী ও দক্ষ হতে হবে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী আরো বলেন যে দক্ষ যবক-যুবতীরাই দেশের সর্ববৃহৎ শক্তি হয়ে ওঠবে । সরকার এই উপলক্ষে ২শো টাকা মূল্যের একটি রূপার মূদ্রা সহ একটি স্মারক ডাক টিকিট প্রকাশ করেছে বলেও শ্রী মোদী উল্লেখ করেন । প্রধানমন্ত্রী দেশের জনসাধারণকে বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গীকে গ্রহণ করে আগামী ২৫ বছরের মধ্যে এই লক্ষ অর্জন করার ক্ষেত্রে সক্রীয়ভাবে অবদান যোগানোর আহ্বান জানান । দক্ষ কর্মীবাহিনীর একটি প্রজন্ম গড়ে তোলার ক্ষেত্রে সরকারের গৃহিত বিভিন্ন পদক্ষেপের ওপরও প্রধানমন্ত্রী আলোকপাত করেন ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যের অসামরিক সেবার আধিকারিকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আজ আসাম সরকার , কেন্দ্রীয় দক্ষতা বৃদ্ধি কমিশন ( সি বি সি ) এবং কর্মযোগী ভারত ( এস পি ভি)-র মধ্যে একটি ত্রিপাক্ষিক সমঝোতা চুক্তি সাক্ষরিত হয়েছে । আজ আসাম সচিবালয়ে সাক্ষরিত এই ত্রিপাক্ষিক চুক্তির অধীনে আসামের অসামরিক সেবার আধিকারকদের নীতি-নির্দেশনামূলক ভূমিকার পরিবর্তে কর্ম নির্ধারক ভূমিকা গ্রহণ করা এবং তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে আরো বেশী দক্ষ করে তোলার প্রয়াস চালানো হবে । আসাম সরকারের পক্ষে রাজ্যের মুখ্য সচিব ডক্টর রবি কোটা এবং কর্মযোগী ভারতের পক্ষে মুখ্য কার্যবাহী আধিকারিক ভি ললিতা লক্ষী এই চুক্তিতে সাক্ষর করেন ।

-----------------------------------------------------------------------------------------

আজ জাতীয় শিক্ষা দিবস । সমগ্র দেশের সঙ্গে আসামের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানেও বিভিন্ন কার্যসূচির মাধ্যমে আজ এই দিবস পালন করা হয়েছে । স্বাধীন ভারতের প্রথম

শিক্ষামন্ত্রী তথা বিশিষ্ট শিক্ষাবিদ মৌলানা আবুল কালাম আজাদের প্রতি সম্মান জানাতে প্রতি বছর ১১ নভেম্বর জাতীয় শিক্ষা দিবস পালন করা হয় ।

রাজ্যের শিক্ষামন্ত্রী ডক্টর রণোজ পেগু জাতীয় শিক্ষা দিবস উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেছেন যে দেশের প্রগতি, প্রত্যেক ব্যাক্তি, নতুন নতুন উদ্ভাবন এবং সামাজিক তথা অর্থনৈতিক বিকাশের সঙ্গে একটি উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তোলার ক্ষেত্রে শিক্ষাই হচ্ছে মূল শক্তি । তিনি বলেন যে মৌলানা আবুল কালাম আজাদ দেশের আধুনিক শিক্ষার ভিত স্থাপন করা ছাড়াও এই মহান ব্যাক্তি সাহিত্য একাডেমী, ললিত কলা একাডেমী, সঙ্গীত নাটক একাডেমী সহ অসংখ্য শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলেছিলেন ।

-----------------------------------------------------------------------------------

বরাক উপত্যকায়ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সংস্থা ও সংগঠন না না কার্যসূচির মাধ্যমে আজকের দিনটিকে জাতীয় শিক্ষা দিবস হিসেবে পালন করেছে ।

করিমগঞ্জ জেলার পাথারকান্দি কলেজ অব এডুকেশনে জাতীয় শিক্ষা দিবস উপলক্ষে এক সভার আয়োজন করা হয় । ওই কলেজের অধ্যক্ষের পৌরহিত্যে আয়োজিত সভায় স্বাধীন ভারতের প্রথম শিক্ষামন্ত্রী তথা স্বাধীনতা সংগ্রামী মৌলানা আবুল কালাম আজাদের জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা ছাড়াও একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

সিনিওর সিটিজেন্স ফোরাম লক্ষিপুরের উদ্যোগেও আজ লক্ষিপুর খোরিরোল কমিউনিটি হলে জাতীয় শিক্ষা দিবস পালন করা হয় । এ উপলক্ষ্যে সংস্থার কার্যকরী সভাপতি শ্রী কান্ত সিংহর পৌরহিত্যে আয়োজিত সভায় মৌলানা আবুল কালাম জীবনের বিভিন্ন দিকের ওপর আলোকপাত করা সহ নতুন শিক্ষানীতি নিয়ে আই বিনোদ সিংহ , কে এইচ গৌরহরি সিংহ, নৃপেন্দ্র শর্মা , নন্দলাল সিংহ প্রমুখ প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

লায়ন্স ক্লাব-অব লালার উদ্যোগেও আজ জাতীয় শিক্ষা দিবস হিসেবে বিভিন্ন কার্যসূচি গ্রহণ করা হয়েছিল । কার্যসূচির মধ্যে ছিল মৌলানা আবুল কালাম আজাদের প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ অর্পন, প্রদীপ প্রজ্জলন, লালা অঞ্চলের ৮০ বছর উর্দ্ধ অবসরপ্রাপ্ত ১০ জন শিক্ষককে সংবর্ধনা জ্ঞাপন, প্রবীন শিক্ষকদের স্বাস্থ্য পরীক্ষা, জাতীয় শিক্ষা দিবস ও মৌলানা আবুল কালাম আজাদ শীর্ষক আলোচনা সভা ইত্যাদি ।

-----------------------------------------------------------------------------------

শিলচর-কালাইন সড়কে আজ বেলা এগারোটা নাগাদ সংঘটিত এক সড়ক দুর্ঘটনায় একই পরিবারের চারজনের মৃত্যু হয়েছে । স্থানীয় সূত্রে জানা গেছে যে- কালাইন অভিমুখে যাওয়া একটি বলেরো পিক-আপ ভ্যানের সঙ্গে শিলচর অভিমুখে আসা একটি অটো রিক্সোর মুখোমুখি সংঘর্ষ হয় । নিহত চারজন একই পরিবারের বাবা-মা এবং তাদের ছেলে ও মেয়ে বলে জানা গেছে। এই দুর্ঘটনায় গুরুতর আহত অটোচালককে শিলচর মেডিকেল কলেজের আই সি ইউ'তে ভর্তি করা হয়েছে বলেও খবর পাওয়া গেছে । তবে চূড়ান্ত খবর এখনো পাওয়া যায়নি । এই ঘটনার পরবর্তীতে স্থানীয় জনতা শিলচর-কালাইন সড়ক অবরোধ করে দোষীদের শাস্তির দাবী জানায় । পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয় বলে জানা গেছে ।

---